বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং ঃ ৯৫৬০৫৬৩
৭১১০৬৭৭
ফ্যাক্স নং ঃ ৭১২৩৬৮৩
ই-মেইল ঃ dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ২৭ /২০১৭

তারিখঃ ৩১-১২-২০১৭

উপ-মহাব্যবস্থাপক
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/
প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-২(বৈদেশিক বানিজ্য নিরীক্ষা সেল)
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
ও
উপ-মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা ।

বিষয়ঃ **"Bangladesh Bank- Authorised Dealers'Forum"এর ১৬ তম সভার রেকর্ডনোটস প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি ( এফইএমপি) ৩৪/২০১৭-১০৬২২, তারিখ ৩০/১১/২০১৭ এবং তৎসংগে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers' Forum এর বিগত ১৯/১১/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৬তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ( কপি সংযুক্ত) ।

০২। বিবি-এডি ফোরামের ১৬ তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। এ প্রেক্ষিতে, অত্রব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলো ঃ

ক) **Usance ভিত্তিক রপ্তানির ক্ষেত্রে মূল্য প্রত্যাবাসনের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে ঃ**
Usance ভিত্তিক রপ্তানির ক্ষেত্রে জাহাজীকরণের তারিখ হতে ৪ মাসের মধ্যে মূল্য প্রত্যাবাসনের বাধ্যবাধকতা আরও ১ মাস পর্যন্ত বৃদ্ধি করার বিষয়টি সভায় গৃহীত হয়নি।

খ) **প্রস্তাবিত নতুন এলসি Nature Code প্রসঙ্গে ঃ**
FEPDএর Circular Letter No. এফইপিডি(কম) ২০৪/২০০১-১৭৯০, তারিখ ০১/১১/২০০১ এর মাধ্যমে বিভিন্ন LC এর জন্য LC প্রকৃতি অনুযায়ী ১৩ ধরনের Code নির্দিষ্টকরণের মাধ্যমে ১২ ডিজিটের LC নম্বর পদ্ধতির সূচনা করা হয়। পরবর্তীতে FEOD এর Letter No. এফইওডি/ ইমপোর্ট ট্রেড/৯২/২০১৬-১১৩৭ তারিখ ০৭-০৩-২০১৬ এর মাধ্যমে নতুন আরও ১৩ ধরনের Code নির্দিষ্ট করা হলেও Code অনুযায়ী LC Nature Code নির্দিষ্ট না করায় Code প্রদানের ক্ষেত্রে সমস্যা হচ্ছে। এ ক্ষেত্রে সুনির্দিষ্ট Purpose Code এর সাথে না মিললে Generic Code এর আওতায় এডি ব্যাংকগুলো রিপোর্ট করবে। যে ক্ষেত্রে Generic Code আওতায় পড়বে না অথবা অনুরোপ কোন জটিলতা সৃষ্টি হবে সেক্ষেত্রে ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংকের এফইপিডিতে বিষয়টি অবহিত করবে।

গ) **পণ্যের আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক মূল্যে এলসি/এলসিএফ খোলা প্রসঙ্গে ঃ**
এডি ব্যাংকগুলোকে এলসি খোলার পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর First Schedule এর Minimum Price list সাথে Invoice price যাচাই করতে হবে। এডি ব্যাংকগুলোর price verification এর সুবিধার্থে Price List এর একটি Link প্রদানের বিষয়ে এফইওডি এনবিআরকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরন করবে।

ঘ) **FDI Help Desk চালু ও এতদ্সংক্রান্ত তথ্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগে দাখিলের নির্দেশনা প্রসঙ্গে ঃ**
বিদেশী বিনিয়োগকারীদের সহযোগিতা প্রদানের জন্য গত ১৮/০৭/২০১৭ তারিখে এফইআইডি সার্কুলার লেটার নং ০১/২০১৭ অনুসরণপূর্বক প্রত্যেক ব্যাংকে চালু করা এবং FDI Help Desk চালু করে নিয়োগকৃত ফোকালপয়েন্ট এর নাম ও যোগাযোগের পূর্ণাঙ্গ তথ্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। FDI এর বিষয়ে এডি ব্যাংকগুলোর সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষনের নিমিত্তে কর্মশালার আয়োজনের জন্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ(এফইআইডি) বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা সতর্কতার সাথে পরিপালন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ন।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ননা মোতাবেক।

(মোঃ দাউদ খান মাহমুদ)
উপ- মহাব্যবস্থাপক

তারিখ ঃ ৩১-১২-২০১৭

আঃবাঃবিঃ ১(০৫)/২০১৭-২০১৮/ ১১২৩
সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) বিকেবি, ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/সকল সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।)
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। নথি/ মহানথি

(আহছান আল রশীদ)
সহকারী মহাব্যবস্থাপক

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

### "Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ১৬তম সভার রেকর্ডনোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ১৬তম সভা ১৯/১১/২০১৭ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব আহমেদ জামাল এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় অবস্থিত জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্রে উল্লিখিত আলোচ্যসূচীর বিষয়সমূহ পর্যায়ক্রমিকভাবে উপস্থাপনের জন্য ফোরামের সদস্য ও বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের মহাব্যবস্থাপক মহোদয়কে আহ্বান জানান। মহাব্যবস্থাপক মহোদয় শুরুতে বিগত সভায় (১৫তম) গৃহীত সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। বিগত সভার (১৫তম) রেকর্ডনোটস অনুযায়ী ৩ ও ৬ নং ক্রমিকে বর্ণিত সিদ্ধান্ত (বাস্তবায়নাধীন রয়েছে) ব্যতীত অন্যান্য সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে পরিপালিত মর্মে নিশ্চিত করা হয়। অতঃপর তিনি বিবি-এডি ফোরামের ১৫তম সভা অনুষ্ঠিত হওয়ার পর হতে ১৬তম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত সময়কালে জারিকৃত বিভিন্ন এফই সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিধিবিধানের বিষয়ে গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহের সারসংক্ষেপ তুলে ধরেন এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করেন। এরপর সভায় উপস্থিত বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাগণ এবং এডি ব্যাংকের প্রতিনিধিগণ সভার আলোচ্যসূচীর অন্যান্য বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন ও তাদের মূল্যবান বক্তব্য/মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ |
|---|---|---|---|
| ১ | ফরেন পেমেন্ট ইন্সট্রুমেন্ট ক্লিয়ার করত প্রবাসীর সুবিধাভোগীকে অর্থ প্রদান প্রসঙ্গে। | প্রবাসী বাংলাদেশীদের বীমা পলিসির বেনিফিট, ডেথ বেনিফিট, Remuneration, সার্ভিস বেনিফিট ইত্যাদির বিপরীতে প্রাপ্ত ফরেন ব্যাংক ড্রাফট/ চেক ক্লিয়ার সংক্রান্ত ব্যাংকিং সেবা প্রদান নিশ্চিত করার জন্য বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকগুলো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে। | বাংলাদেশে কার্যরত সকল বিদেশী ব্যাংক। |
| ২ | Usance ভিত্তিক রপ্তানির ক্ষেত্রে মূল্য প্রত্যাবাসনের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে। | Usance ভিত্তিক রপ্তানির ক্ষেত্রে জাহাজীকরণের তারিখ হতে ৪ মাসের মধ্যে মূল্য প্রত্যাবাসনের বাধ্যবাধকতা আরও ১ মাস পর্যন্ত বৃদ্ধি করার বিষয়টি সভায় গৃহীত হয়নি। | সকল এডি ব্যাংক। |
| ৩ | EPZ এর Deffered Export LC এর EXP প্রসঙ্গে। | Industrial Raw materials আমদানির ক্ষেত্রে ১৮০ দিন মেয়াদে usance LC খোলার অনুমতি থাকলেও EPZ এর ক্ষেত্রে সাধারণতঃ ১২০ দিন usance basis এ Export হয়ে থাকে। এক্ষেত্রে issuing bank যথাসময়ে মূল্য পরিশোধ করলেও nominated/negotiating bank কর্তৃক রপ্তানিমূল্য পেতে Shipment Date হতে ১২০ দিনের বেশি সময় লেগে যায়। ফলে এ সংশ্লিষ্ট EXP Overdue হয়ে যায়। এ অবস্থায় EPZ এর deferred Export LC এর ক্ষেত্রে রপ্তানিমূল্য প্রত্যাবাসনের সময়সীমা | এফইপিডি (রপ্তানি নীতি শাখা), বাংলাদেশ ব্যাংক। |

| | | | |
|---|---|---|---|
| | | Shipment date হতে ১৮০ দিন করা যায় কিনা সে বিষয়টি বিশ্লেষন করে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | |
| ৪ | Raw Jute & Jute Goods রপ্তানির ক্ষেত্রে Confirmed Export LC এর ন্যায় Valid Export Contract এর বিপরীতে ৩৬০ দিনের Usance Period প্রদান প্রসঙ্গে। | GFET-2009 এর Chapter-8, Para-14 অনুযায়ী buyer's cost এ Confirmed Export LC/LC এর বিপরীতে ৩৬০ দিন Usance basis এ Jute ও Jute goods রপ্তানির সুযোগ রয়েছে। বর্তমানে এ sector এ বেশিরভাগ রপ্তানি Sales Contract এর বিপরীতে হয়ে থাকে। ফলে Sales Contract এর বিপরীতে Jute ও Jute goods রপ্তানির জন্য Confirmed LC/LC এর ন্যায় সুযোগ দেওয়া যায় কিনা এ বিষয়ে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড বাংলাদেশ ব্যাংকে একটি সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করবে। তদানুসারে এফইপিডি এর সংশ্লিষ্ট শাখা ব্যবস্থা গ্রহণ করবে। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ ও এফইপিডি (রপ্তানি নীতি শাখা), বাংলাদেশ ব্যাংক। |
| ৫ | প্রস্তাবিত নতুন এলসি Nature Code প্রসঙ্গে। | FEPD এর Circular Letter No. এফইপিডি(কম)২০৪/২০০১-১৭৯০ তারিখ ০১.১১.২০০১ এর মাধ্যমে বিভিন্ন LC এর জন্য LC প্রকৃতি অনুযায়ী ১৩ ধরনের Code নির্দিষ্টকরণের মাধ্যমে ১২ ডিজিটের LC নম্বর পদ্ধতির সূচনা করা হয়। পরবর্তীতে FEOD এর Letter No. এফইওডি/ইমপোর্ট ট্রেড/৯২/২০১৬-১১৩৭ তারিখ ০৭.০৩.২০১৬ এর মাধ্যমে নতুন আরও ১৩ ধরনের Code নির্দিষ্ট করা হলেও Code অনুযায়ী LC nature code নির্দিষ্ট না করায় Code প্রদানের ক্ষেত্রে সমস্যা হচ্ছে। এ ক্ষেত্রে সুনির্দিষ্ট Purpose Code এর সাথে না মিললে Generic Code এর আওতায় এডি ব্যাংকগুলো রিপোর্ট করবে। যে ক্ষেত্রে Generic Code এর আওতায় পড়বে না অথবা অনুরূপ কোন জটিলতা সৃষ্টি হবে সেক্ষেত্রে ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংকের এফইপিডিতে বিষয়টি অবহিত করবে। | সকল এডি ব্যাংক। |
| ৬ | পণ্যের আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক মূল্যে এলসি / এলসিএএফ খোলা প্রসঙ্গে। | এডি ব্যাংকগুলোকে এলসি খোলার পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর First Schedule এর Minimum Price List সাথে Invoice price যাচাই করতে হবে। এডি ব্যাংকগুলোর price verification এর সুবিধার্থে Price List এর একটি Link প্রদানের বিষয়ে এফইওডি এনবিআরকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করবে। | সকল এডি ব্যাংক এবং এফইওডি, বাংলাদেশ ব্যাংক। |
| ৭ | FDI Help Desk চালু ও এতদ্‌সংক্রান্ত তথ্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগে দাখিলের নির্দেশনা প্রসঙ্গে। | বিদেশী বিনিয়োগকারীদের সহযোগিতা প্রদানের জন্য গত ১৮/০৭/২০১৭ তারিখে এফইআইডি সার্কুলার লেটার নং ০১/২০১৭ অনুসরণপূর্বক প্রত্যেক ব্যাংকে FDI Help Desk চালু করা এবং FDI Help Desk চালু করে নিয়োগকৃত ফোকালপয়েন্ট এর নাম ও যোগাযোগের পূর্ণাঙ্গ তথ্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। FDI এর বিষয়ে এডি ব্যাংগুলোর সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের নিমিত্ত কর্মশালার আয়োজনের জন্য বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ (এফইআইডি) বাংলাদেশ ইনষ্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করবে। | সকল এডি ব্যাংক এবং এফইআইডি, বাংলাদেশ ব্যাংক। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) এর মাধ্যমে বিল ডিসকাউন্টিং প্রসঙ্গে। | বিল ডিসকাউন্টিং এর বিষয়ে এইচএসবিসি এর প্রস্তাবনা নিয়ে সভায় আলোচনা হয়। বিল ডিসকাউন্টিং এর জন্য এফই সার্কুলার ৩/২০১৩ বলবৎ রয়েছে। অপরদিকে অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) বিষয়ক নীতিমালা প্রবর্তনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ কাজ করছে বিধায় এ পর্যায়ে অফশোর ব্যাংকিং ইউনিট এর মাধ্যমে বিল ডিসকাউন্টিং করার ক্ষেত্রে কোন সিদ্ধান্ত গ্রহনের সুযোগনেই। | সকল এডি ব্যাংক। |

পরিশেষে সভাপতি মহোদয় সভায় যোগদান ও মূল্যবান মতামত রাখার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আহমেদ জামাল)
আহবায়ক, বিবি-এডি ফোরাম
ও
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।